

🔳 আল-মুদ্দাসসির | Al-Muddathir | ٱلْمُدَّنِّر

আয়াতঃ ৭৪:৩৮

💵 আরবি মূল আয়াত:

كُلُّ نَفسٍ بِمَا كَسَبَت رَهِينَةٌ ﴿٢٨﴾

🗚 আনুবাদসমূহ:

প্রতিটি প্রাণ নিজ অর্জনের কারণে দায়বদ্ধ। — আল-বায়ান

প্রত্যেক ব্যক্তি নিজ কৃতকর্মের দায়ে আবদ্ধ। — তাইসিরুল

প্রত্যেক ব্যক্তি নিজ কৃতকর্মের দায়ে আবদ্ধ। — মুজিবুর রহমান

Every soul, for what it has earned, will be retained — Sahih International

৩৮. প্রত্যেক ব্যক্তি নিজ কৃতকর্মের দায়ে আবদ্ধ(১),

(১) وَهِينَةٌ এর অর্থ এখানে প্রত্যেকের আটক ও বন্দী হওয়া। ঋণের পরিবর্তে বন্ধকী দ্রব্য যেমন মহাজনের হাতে আটক থাকে-মালিক তাকে কোন কাজে লাগাতে পারে না, তেমনি কেয়ামতের দিন প্রত্যেকেই তার গোনাহের বিনিময়ে আটক ও বন্দী থাকবে কিন্তু, 'আসহাবুল-ইয়ামীন' তথা ডানদিকের সৎ লোকগণ এ থেকে মুক্ত থাকবে। [দেখুন: ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৩৮) প্রত্যেক ব্যক্তি নিজ কৃতকর্মের দায়ে আবদ্ধ। [1]

[1] رَهِين বন্ধক রাখা জিনিসকে বলা হয়। অর্থাৎ, প্রতিটি মানুষ তার আমলের বিনিময়ে আটক, বন্ধক ও দায়বদ্ধ থাকবে। এই আমলই তাকে আযাব থেকে পরিত্রাণ দেবে; যদি তা সৎ হয়। অথবা তাকে ধ্বংস করে ফেলবে; যদি তা অসৎ হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5533

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন